



মুন্সীগঞ্জের গরু চুরির অভিযোগে আওয়ামী লীগ নেতা গ্রেপ্তার



আটক মোহাম্মদ সোহেল। ছবি: সংগৃহীত

গরু চুরির অভিযোগে মুন্সীগঞ্জের সিরাজদিখানে স্থানীয় এক যুবলীগ নেতা ও তার সহযোগীকে আটক করেছে পুলিশ। ঘটনায় এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।

শনিবার (৯ মে) রাতে কেয়াইন ইউনিয়নের হাজীগাঁও এলাকায় অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করা হয় বলে জানায় পুলিশ।

গ্রেপ্তারকৃতদের মধ্যে মো. সোহেল (৩৭) কেয়াইন ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মো. ইসরাফিলের ছেলে এবং স্থানীয় যুবলীগের প্রচার ও প্রকাশনা সম্পাদক হিসেবে পরিচিত। তার সঙ্গে আটক অপর ব্যক্তি হলেন কসাই মকবুল (৩৫), তিনি বাসাইল এলাকার প্রয়াত মোকলেস মিয়ার সন্তান।

ঘটনার সূত্রে জানা যায়, গত ৬ মে দুপুরে কেয়াইন ইউনিয়নের ঘোরামারা গ্রামে শুশংকর মন্ডলের একটি লাল রঙের ষাঁড় গরু বাড়ির সামনে থেকে চুরি হয়ে যায়। পরে সিসিটিভি ফুটেজে সোহেলসহ কয়েকজনকে গরুটি নিয়ে যেতে দেখা যায় বলে দাবি করা হয়। ফুটেজটি প্রকাশ্যে আসার পর বিষয়টি ব্যাপক আলোচনায় আসে। এরপর পুলিশ অভিযান চালিয়ে হাজীগাঁও এলাকার একটি পরিত্যক্ত বাড়ি থেকে সোহেলকে আটক করে। এ সময় চোরাই গরু বিক্রির কিছু টাকা ও মাদক সেবনের সরঞ্জাম জব্দ করা হয়। পরবর্তীতে আসামিদের তথ্যের ভিত্তিতে জবাই করা গরুর চারটি পা এবং নগদ ৫ হাজার ৬৭৫ টাকা উদ্ধার করে পুলিশ।

সিরাজদিখান থানার ওসি মো. আব্দুল হাম্মান জানান, ভুক্তভোগীর লিখিত অভিযোগের পরই অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করা হয়। পরে আইনগত প্রক্রিয়া শেষে তাদের আদালতে পাঠানো হয়েছে।